# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৪৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

## আরবী

وَعَن سَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَلَاعَنُوا بِلَعْنَةِ اللَّهِ وَلَا بِغَضَبِ اللَّهِ وَلَا بِجَهَنَّمَ» . وَفِي رِوَايَةٍ «وَلَا بِالنَّارِ» . رَوَاهُ التِّرْمِذِيّ وَأَبُو دَاوُد

## বাংলা

৪৮৪৯-[৩৮] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা একে অপরকে ’’তোমার ওপর আল্লাহর অভিসম্পাত হোক’’, ’’আল্লাহর গজব হোক’’ বলে অভিশাপ দেবে না এবং জাহান্নামে প্রবেশের বদ্দু’আও করবে না।

অপর এক বর্ণনায় جَهَنَّمَ-এর শব্দের স্থলে اَلنَّارْ (তথা ’জাহান্নাম’ শব্দটি) উল্লেখ রয়েছে। (তিরমিযী ও আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৯৭৬, আবূ দাঊদ ৪৯০৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৮৯৩, সহীহুল জামি‘ ৭৪৪৩, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৭৮৯, মুসান্নাফ আবুর রাযযাক ১৯৫৩১, আহমাদ ২০১৭৫, শু‘আবুল ঈ‘মান ৫১৬০, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬৭১৫, আল মুসতাদরাক ১৫০।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لَا تَلَاعَنُوا بِلَعْنَةِ اللهِ) কেউ যেন কাউকে লা‘নাত বা অভিশাপ না দেয়। নির্দিষ্ট করে কোন মুসলিম ব্যক্তিকে এ কথা না বলে عَلَيْكَ لَعْنَةُ اللهِ তোমার ওপর আল্লাহর লা‘নাত বা অভিশাপ বর্ষিত হোক।

(وَلَا بِغَضَبِ اللهِ) এবং আল্লাহর পক্ষ থেকে গজবের দু‘আ না করে। যেমন এ কথা বলে غَضِبَ اللهُ عَلَيْكَ তোমার প্রতি আল্লাহর ক্রোধ নেমে আসুক।

(وَلَا بِالنَّارِ) এবং কাউকে জাহান্নামের আগুনের জন্য দু‘আ করবে না। যেমন- এ কথা বলা : أَدْخَلَكَ اللهُ النَّارَ আল্লাহ তোমাকে জাহান্নামে প্রবেশ করান। এ বিধান নির্দিষ্ট করে কোন ব্যক্তির জন্য প্রযোজ্য, কেননা অনির্দিষ্ট করে কোন সম্প্রদায়ের জন্য লা‘নাত জায়িয, যেমন এ কথা বলা যে, لَعْنَةُ اللهِ عَلَى الْكَافِرِينَ ‘‘কাফিরদের ওপর আল্লাহর লা‘নাত’’ অথবা নির্দিষ্ট করে, যেমন- لَعْنَةُ اللهِ عَلَى الْيَهُودِ ইয়াহূদীকে প্রতি আল্লাহর লা‘নাত অথবা কুফরী অবস্থায় মৃত্যুবরণকারী কোন কাফিরের প্রতি লা‘নাত যেমন- আবূ জাহল। (‘আওনুল মা‘বূদ ৮ম খন্ড, হাঃ ৪৮৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75573

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন